

# মডেল অ্যাক্টিভিটি টাস্ক ২০২১

## স্বাস্থ্য ও শারীরশিক্ষা

### চতুর্থ শ্রেণি

#### বজ্রপাত ও ভূমিকম্প

১। বহুর মধ্যে থেকে সঠিক উত্তরটি খুঁজে বার করে শূন্যস্থানটি পূরণ করো :

(ক) মেঘে \_\_\_\_\_ ঘর্ষণে যে শক্তি তৈরি হয়,  
বজ্র তাকেই বলে থাকি, জেনো তা নিশ্চয়।

(a) মেঘে (b) পাহাড়ে

(গ) বজ্রগর্ভ মেঘ দেখে তাই \_\_\_\_\_ থেকে,  
বজ্রপাত যে বিপজ্জনক—এটুক মনে রেখো।

(a) বিপদে (b) নিরাপদে

(ঙ) সুইচবোর্ডে হাত দেবে না, মোবাইলে নয় হাত,  
দরজা-জানালা \_\_\_\_\_ রাখো, থামুক বজ্রপাত।

(a) খোলা (b) বন্ধ

(ছ) ভূমিকম্প হলে পরে ভেঙে যায় \_\_\_\_\_,  
ধুলোয় লুটায় দরজা-জানালা, দেয়াল ও আলমারি।

(a) জলবায়ু (b) ঘরবাড়ি

(খ) সেই বজ্রই ধেয়ে আসে ভূপৃষ্ঠের পানে,  
\_\_\_\_\_ যে তাকেই বলি, এতো সবাই জানে।

(a) বজ্রপাত (b) বজ্রাঘাত

(ঘ) বজ্র পড়ার সময় মাঠে থাকবে না একদম,  
\_\_\_\_\_ আশ্রয়েতে বিপদ থাকে কম।

(a) আপদশূণ্য (b) গাছের তলায়

(চ) ভূমিকম্প মাটির নীচের কম্পনকেই বলে,  
ভূত্বক হঠাৎ কেঁপে ওঠে \_\_\_\_\_ ফলে।

(a) ভূমিকম্পের (b) ভূমিধসের

(জ) ভূমিকম্প হওয়া মানেই অনেক বড়ো ক্ষতি,  
মানুষ মরে, পশু মরে, কত যে \_\_\_\_\_!

(a) দুর্গতি (b) বিপর্যয়

২। নীচের ঘটনাগুলির কোনটি সত্য ও কোনটি মিথ্যা তা লেখো :

১) আকাশে বজ্রগর্ভ মেঘ দেখলে নিরাপদ স্থানে আশ্রয় নিতে হবে।

২) বাজ পড়ার সময় খেলার মাঠে বা খোলা মাঠে থাকা নিরাপদ।

৩) বাজ পড়ার সময় উঁচু বাড়ির ছাদে, উচ্চ ক্ষমতাসম্পন্ন বিদ্যুৎ পরিবাহী স্তম্ভ, পাহাড়ের চূড়া এসব স্থান থেকে নিরাপদ দূরত্বে আশ্রয় নিতে হবে।

৪) বজ্রপাত নিরোধক ব্যবস্থা আছে এমন বাড়ির ভিতরে আশ্রয় নিতে হবে।

৫) বজ্রপাতের সময় নৌকার মধ্যে থাকা নিরাপদ।

৬) বজ্রপাতের সম্ভাবনা দেখা দিলে বাড়ি, স্কুলের বৈদ্যুতিক সরঞ্জামের সুইচ অফ করে, প্লাগ খুলে রাখতে হবে।

৭) বজ্রপাত শুরু হলে ঘরের জানালা-দরজা বন্ধ করে ভিতরের দিকে কোনো ঘরে আশ্রয় নিতে হবে।

৮) স্কুল বা বাড়িতে বজ্রপাত নিরোধক পরিবাহীর (Earthing) ব্যবস্থা করতে হবে।

৯) ভূমিকম্পের আভাস পাওয়ামাত্রই ঘর থেকে বেরিয়ে আসতে হবে।

১০) ভূমিকম্পের সময় ঘর বা স্কুলের ঘর থেকে বেরোনোর সময় না পেলে মাথা ঢেকে মজবুত টেবিল, খাট, ডেস্কের নীচে আশ্রয় নিতে হবে।

১১) ভূমিকম্পের সময় খোলা মাঠে ফাঁকা জায়গায় গিয়ে দাঁড়াতে হবে।

১২) ভূমিকম্পের সময় নিরাপদ দূরত্বে হাঁটু গেড়ে বসে থাকতে হবে।

১৩) ভূমিকম্পের সময় বিছানায় থাকলে বালিশ, কসল দিয়ে নিজেসে ঢেকে নিতে হবে।

১৪) ভূমিকম্পের সময় বাড়ির দেয়াল, বইয়ের তাক, কাচের দরজা-জানালা, চলন্ত গাড়ি, আলমারি থেকে দূরে থাকতে হবে।

৩। (ক) কাকে বজ্রপাত বলে?

(খ) বজ্রপাত হলে কী করতে হবে তা বর্ণনা করো।

(গ) বজ্রপাতের সময় কী করা যাবে না তা লেখো।

৪। (ক) ভূমিকম্প কেন হয়?

(খ) ভূমিকম্প হলে কী করতে হবে?

(গ) ভূমিকম্পের সময় কী কড়া যাবে না, তা লেখো।

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এ প্রশ্নগুলোর উত্তর লিখে বিদ্যালয় কর্তৃপক্ষের নির্দেশ মতো অভিভাবকদের মাধ্যমে শিক্ষকদের কাছে জমা দিতে হবে। কোনো অবস্থাতেই শিক্ষার্থীরা বিদ্যালয়ে জমা দিতে আসবে না।